# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬১০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি আশুরার দিন সিয়াম রাখতে ভুলে যায়, তাকে দিনের বাকী অংশ সিয়াম রাখার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ الْأَمْرِ بِصَوْمِ بَعْضِ الْيَوْمِ مِنْ عَاشُورَاءَ لِمَنْ غَفَلَ عَنْ إِنْشَاءِ الصَّوْمِ لَهُ

আরবী

3610 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا الدَّوْرَقِيُّ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنْ يَزِيدَ بْنِ أَبِي عُبَيْدٍ عَنْ سَلَمَةَ بْنِ الْأَكْوَعِ: أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم بَعَثَ رَجُلًا مِنْ أَسْلَمَ يُؤَذِّنُ فِي النَّاسِ: (أَنَّ الْيَوْمَ يَوْمُ عَاشُورَاءَ فَمَنْ أَكَلَ فَلَا يَأْكُلْ شَيْئًا بَقِيَّةَ يَوْمِهِ وَمَنْ لَمْ يَكُنْ أَكَلَ أَوْ شَرِبَ فَلْيَصُمْ)

الراوي : سَلَمَة بْن الْأَكْوَعِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3610 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৩৬১০. সালামাহ বিন আকওয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আসলাম গোত্রের এক ব্যক্তিকে লোকদের মাঝে এই ঘোষণা দেওয়ার জন্য পাঠালেন, “নিশ্চয়ই আজ আশুরার দিন। কাজেই যে ব্যক্তি ইতোমধ্যেই খাবার খেয়ে নিয়েছে, সে যেন দিনের বাকী অংশে আর কিছু না খায়। আর যে ব্যক্তি এখনও কোন কিছু পানাহার করেনি, সে যেন সিয়াম পালন করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৫০; সহীহুল বুখারী: ২০০৭; সহীহ মুসলিম: ১১৩৫; নাসাঈ: ৪/১৯২; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৯২;সুনান বাইহাকী: ৪/২৮৮; বাগাবী: ১৭৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৬২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্‌ওয়া‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92946

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন